দৈনিক ইনকিলাব

তারিখ ... 29 JUN 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫

# কাল কুমিল্লা ও যশোর বোর্ডের এসএসসি পরীক্ষা

আগামীকাল রোববার থেকে কুমিল্লা ও যশোর শিক্ষা বোর্ডের অধীনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-১৯৯১ শুরু হচ্ছে। এবারে এই পরীক্ষায় দুই বোর্ডের মোট ২ লাখ ২৮

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## এসএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

হাজার ৭শ' ৫৩ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। খবর ইউএনবি'র।

দেশের ৪টি বোর্ডের এসএসসি পরীক্ষা গত ২ মে এক সঙ্গে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু ২৯ এপ্রিল ভয়াবহ ঘূর্ণিঝড়ের ফলে কুমিল্লা ও যশোর বোর্ডের পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়। ঘূর্ণিঝড়ের ফলে এ দু'টি বোর্ডের অধীনে যে সব এলাকার শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়— তা ইতিমধ্যে মেরামত করা হয়েছে। ঘূর্ণিঝড়ে আক্রান্ত এলাকায় সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে দুইটি বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জানিয়েছেন। কুমিল্লা বোর্ডের ১ লাখ ৩০ হাজার ২শ' ৪০ জন পরীক্ষার্থী ১শ' ৩১টি কেন্দ্রে এবং যশোর বোর্ডের ৯৮ হাজার ৫শ' ১৩ জন পরীক্ষার্থী ১শ' ৪টি কেন্দ্রে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশ নিচ্ছে।

উল্লেখ্য, ২ মে ঢাকা ও রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষা যথারীতি শুরু হয়।